# SRI RAMAKRISHNA ASHRAMA INSTITUTE (HIGH SCHOOL)

## Assessment – 1

## Session 2020

## Class- IX

## Subject- History

## <u>Answer Sheet</u>

### বিভাগ ক

**১) সঠিক উত্তরটি নির্বাচন করো-** **১X১৪=১৪**

১.১) গ) রাজার।

১.২) ঘ) ১৪ জুলাই

১.৩) ক) বিপ্লবের বিরোধিতা

১.৪) খ) ১৭৯১ খ্রিস্টাব্দে

১.৫) ঘ) দেনিস দিদেরো

১.৬) গ) ১৮০২ খ্রিস্টাব্দে

১.৭) ক) হোরেশিও নেলসন

১.৮) গ) স্পেন ও পোর্তুগালকে

১.৯) খ) লিপজিগের যুদ্ধে

১.১০) ঘ) রোমের পোপ

১.১১) খ) অস্ট্রিয়া

১.১২) ঘ) দশম চার্লস

১.১৩) গ) ফেব্রুয়ারি বিপ্লব

১.১৪) ঘ) অরেঞ্জ

### বিভাগ খ

### উপবিভাগ- ২.১

**একটি বাক্যে উত্তর দাও-** **১X১৬=১৬**

২.১.১) ১৭৮৯ খ্রিস্টাব্দে ১৪ জুলাই, বাস্তিল দুর্গের পতনের পর বিপ্লবী জনতা প্যারিসের পৌর শাসন পরিচালনার উদ্দেশ্যে যে অস্থায়ী পৌর পরিষদ বা কমিটি গঠন করে তাই প্যারি কমিউন নামে পরিচিত।

২.১.২) ১৭৯২ খ্রিস্টাব্দের ২-৫ সেপ্টেম্বর জ্যাকোবিন দলনেতা জাঁ পল ম্যারার নেতৃত্বে সেপ্টেম্বর হত্যাকান্ড ঘটে।

২.১.৩) পোপ সপ্তম পায়াস ১৮০৪ খ্রিস্টাব্দে ২ ডিসেম্বর নটোরডাম গির্জায় নেপোলিয়নের অভিষেক সম্পন্ন করেন।

২.১.৪) প্রথম স্পেনে কাস্তিলের রানী ইসাবেল্লা ও অ্যারাগনের রাজা ফার্দিনান্দের নেতৃত্বে জাতিরাষ্ট্র গঠিত হয়।

SRAI

## উপবিভাগ- ২.২

**ঠিক না ভুল নির্ণয় করো-**

২.২.১) ফ্রান্সে বুরবোঁ রাজবংশের প্রতিষ্ঠা করেন চতুর্থ হেনরি- ঠিক

২.২.২) ইংল্যান্ড অস্ট্রিয়া ও রাশিয়া মিলে ফ্রান্সের বিরুদ্ধে প্রথম শক্তি জোট গড়ে তোলে- ভুল

২.২.৩) নেপোলিয়ন ইতালি জয় করে সেখানে স্বাধীন রাজ্য প্রতিষ্ঠা করেন- ভুল

২.২.৪) অষ্টাদশ লুই নেপোলিয়নের পতনের পর ফ্রান্সের সিংহাসনে বসেন- ঠিক

## উপবিভাগ- ২.৩

**ক স্তম্ভের সাথে খ স্তম্ভ মেলাও-**

| ক স্তম্ভ | খ স্তম্ভ |
|---|---|
| ২.৩.১) প্রথম ফ্রান্সিস | অস্ট্রিয়ার সম্রাট |
| ২.৩.২) প্রথম আলেকজান্ডার | রুশ জার |
| ২.৩.৩) টিলসিটের সন্ধি | ১৮০৭ খ্রিস্টাব্দে |
| ২.৩.৪) ক্যাম্পো-ফার্মিওর সন্ধি | ১৭৯৭ খ্রিস্টাব্দ |

## উপবিভাগ- ২.৪

**শূন্যস্থান পূরণ করো-**

২.৪.১) এইদস

২.৪.২) লুসিয়ান

২.৪.৩) ১৮১৪ খ্রিস্টাব্দে

২.৪.৪) সেন্ট পিটার্সবার্গ

## বিভাগ- গ

**৩) দুটি অথবা তিনটি বাক্যে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও-** **২X৫=১০**

৩.১) ফরাসি জাতীয় সভার তৃতীয় সম্প্রদায়ের সদস্যরা ১৭৮৯ খ্রিস্টাব্দের ২০ জুন আইনসভায় প্রবেশ করতে গিয়ে সভাকক্ষ বন্ধ দেখে ক্ষুব্ধ হন। তখন তারা জিয়াত্যেঁর নেতৃত্বে নিকটবর্তী টেনিস কোর্টে সমবেত হয়ে শপথ গ্রহণ করে যে ফ্রান্সের নতুন সংবিধান তৈরি না হওয়া পর্যন্ত তারা ঐক্যবদ্ধ ভাবে কাজ করে যাবেন। এই ঘটনা 'টেনিস কোর্টের শপথ' নামে পরিচিত।

৩.২) ফ্রান্সে সন্ত্রাসের শাসন কালে এক বিশেষ আইন দ্বারা বিপ্লব বিরোধী সন্দেহে যে কোন ব্যক্তিকে গ্রেপ্তার করা যেতো। এরপর বিপ্লবী আদালতে তাদের বিচার হতো। এই বিশেষ আইন সন্দেহের আইন নামে পরিচিত।

৩.৩) ফরাসি সম্রাট নেপোলিয়ন ১৮০৭ খ্রিস্টাব্দে মিলান শহর থেকে ইংল্যান্ডের বিরুদ্ধে অর্থনৈতিক অবরোধ ঘোষণা করে বলেন যে-

I. কোনো নিরপেক্ষ বা মিত্র দেশ অবরুদ্ধ বন্দরে জাহাজ পাঠালে তা বাজেয়াপ্ত করা হবে।

II. কোনো নিরপেক্ষ দেশের জাহাজ ইংল্যান্ডে প্রবেশ করলে তা শত্রু দেশের জাহাজ বলে গণ্য হবে। এই ঘোষণা মিলান ডিক্রি নামে পরিচিত।

৩.৪) ফরাসি সম্রাট নেপোলিয়ন ১৮১২ খ্রিস্টাব্দে রাশিয়া আক্রমণ করলে রাশিয়া সম্মুখ যুদ্ধ এড়িয়ে সাম্রাজ্যের অভ্যন্তরে ক্রমাগত পিছু হটতে থাকে। ফরাসি বাহিনী রাশিয়ায় যতে সমস্যায় পড়ে সেই উদ্দেশ্যে পিছু হটার সময় রুশ বাহিনী নিজেদের রাস্তাঘাট ও সেতু ধ্বংস করে এবং খাদ্যশস্য, শস্যক্ষেত্র, শহর, জনপদ প্রভৃতি আগুনে পুড়িয়ে, পানীয় জলে বিষ মিশিয়ে দিয়ে যায়। রুশ বাহিনীর এই পদক্ষেপ পোড়ামাটি নীতি নামে পরিচিত।

৩.৫) ১৮৩০ খ্রিস্টাব্দে ফ্রান্সে সংঘটিত জুলাই বিপ্লবের ফলে বুরবোঁ বংশীয় দশম চার্লসের পতন ঘটে এবং আলিয়েন্স বংশীয় লুই ফিলিপ ফ্রান্সের সিংহাসন লাভ করেন। জুলাই বিপ্লবের দ্বারা লুই ফিলিপের রাজতন্ত্র প্রতিষ্ঠিত হয় বলে তাঁর রাজত্বকাল(১৮৩০-১৮৪৮ খ্রিস্টাব্দ) জুলাই রাজতন্ত্র নামে পরিচিত। ১৮৪৮ খ্রিস্টাব্দে ফেব্রুয়ারি বিপ্লবের ফলে জুলাই রাজতন্ত্রের অবসান ঘটে।

SRAI